হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

# হতাশ হয়ো না

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আওয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।

لَا تَقْنَطُوا مِن رَّحْمَةِ اللَّهِ إِنَّ اللَّهَ يَغْفِرُ الذُّنُوبَ جَمِيعًا إِنَّهُ هُوَ الْغَفُورُ الرَّحِيم

"লা তাকনাতু মিন-রাহমাতিল্লাহি, ইন্নাল্লাহা ইয়াগফিরু যুনুবা জামি'আ, ইন্নাহু হুওয়াল গাফুরুর রাহিম" (সুরাহ যুমারঃ৫৩)। তিনি বলেন, "আল্লাহর দয়া নিয়ে নিরাশ হয়ো না, হতাশ হয়ো না।" আল্লাহ সবকিছুই করতে সক্ষম। আল্লাহ আযযা ওয়া জাল্লা বলেন, "যতই যন্ত্রণা থাকুক, কখনোই হতাশায় পতিত হয়ো না।"

যদি তোমার সবচেয়ে বড় সমস্যাও থাকে, সবচেয়ে বড় গুনাহও থাকে, তবুও আশাহীন হয়ো না। আল্লাহ সব গুনাহ ক্ষমা করেন এবং তার জায়গায় ভালো নিয়ে আসেন। এখন শেষ সময়, আর যেহেতু এই সময়ে মানুষ অবিরত আল্লাহকে ভূলে যায়, তারা সর্বক্ষণ হতাশায় জীবন যাপন করে। আর এজন্য তারা অনেক মানসিক কষ্টও অনুভব করে। কিন্তু আল্লাহ (আযযা ওয়া জাল্লা) বলেন, "হতাশাগ্রস্ত হয়ো না।"

আল্লাহর উপর আস্থা রাখো। আল্লাহ ভালোর রাস্তা খোলেন, বারাকাত দান করেন এবং তাতে সব দুঃখ চলে যায়। দুঃখের পরিমাণ যত বেশিই হোক না কেন, কখনো আল্লাহর প্রতি আশা হারাবে না। আল্লাহ আমাদের সাথে আছেন এবং আমাদের সাহায্য করবেন ইনশাআল্লাহ।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২৯ সেপ্টেম্বার ২০১৬/২৭ যুল-হিজ্জা ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।